

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০ E-mail : wbcuta@yahoo.in

তারিখ : ২১ -০৯-২০১৬

শ্রদ্ধাস্পদেষু

অধ্যাপক -----

মাননীয় আজীবন সদস্য, WBCUTA

মহাশয়,

আপনাকে আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, অধ্যাপক সমিতির ৮২তম দ্বিবার্ষিক সম্মেলন ও ৯০ তম বার্ষিক সাধারণ সভা আগামী ১৯-২০ নভেম্বর, ২০১৬ রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার, (গোলপার্ক), বিবেকানন্দ হল-এ অনুষ্ঠিত হবে। সমিতির উত্তর ও দক্ষিণ কলকাতা জেলা কমিটি যৌথভাবে এবং সমিতির যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রাথমিক শাখার সহযোগিতায় এবারের এই সম্মেলন আয়োজনের দায়িত্ব গ্রহণ করেছে। বিগত দিনগুলিতে অধ্যাপক সমিতির ডাকা কর্মসূচীগুলিতে আজীবন সদস্য হিসাবে আপনাদের সপ্রাণ উপস্থিতি আমাদের অনুপ্রাণিত করেছে। আমরা জানি ৯০ বছরের ঐতিহ্যমন্ডিত এই সমিতিকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রশ্নে আপনারাই আমাদের অভিভাবকের দায়িত্ব পালন করেছেন, করবেনও আগামী দিনে। অতীতের মত এবারও আপনার শুভেচ্ছা ও সহযোগিতা পাব এই আশায় আগেভাগে সম্মেলনের তারিখ ও স্থান জানালাম যাতে আপনি সবাক্ষে এই সম্মেলনে যোগ দিতে পারেন। আপনার মূল্যবান পরামর্শ আমাদের আগামীর পথ চলায় আলোকবর্তিকা হবে - এই প্রত্যাশা রাখি। এবার সম্মেলনের ডেলিগেট ফি ৫০০ টাকা ধার্য হয়েছে। আপনার যদি আবাসন দরকার হয় অনুগ্রহ করে ১২ নভেম্বর মধ্যে তা সমিতি দপ্তরে জানিয়ে দিন। আমরা অবশ্যই তার বন্দোবস্ত করবো।

রাজ্যের উচ্চশিক্ষামন্ত্রী মাননীয় ড. পার্থ চট্টোপাধ্যায় এই সম্মেলনের উদ্বোধন পর্বে (১৯ নভেম্বর, ২০১৬ বেলা ১১টা) প্রধান অতিথির আসন অলংকৃত করতে সম্মত হয়েছেন।

সম্মেলনের প্রথমদিন অর্থাৎ ১৯ নভেম্বর, ২০১৬ দুপুর ২টায় একটি জাতীয় সেমিনার অনুষ্ঠিত হবে। এবারের এই সেমিনারের আলোচ্য বিষয় - **National Education Policy : Perspective and Challenges**। জাতীয় প্রেক্ষিতকে মাথায় রেখে সময়ের চাহিদা মেনে কর্মসমিতি সর্বসম্মত ভাবে এই বিষয় নির্বাচন করেছে। এ বিষয়ে আমন্ত্রিত বক্তা সহ সমিতির বর্তমান ও আজীবন সদস্য বন্ধুদের লেখা সম্বলিত একটি গুরুত্বপূর্ণ সংকলন সম্মেলন মঞ্চে প্রকাশিত হবে। তাই আপনার কাছে অনুরোধ, সময় ও সুযোগ থাকলে এই বিষয়ে আপনার লেখা পাঠান। আপনাদের মূল্যবান লেখায় সমৃদ্ধ হবে আমাদের এই সময়োপযোগী সংকলন - এই বিশ্বাস রাখি। যদি ইংরাজী লেখা পাঠান অবশ্যই তা Pagemaker এ সুন্দর করে টাইপ করে e-mail -এ পাঠাবেন। বাংলা লেখার ক্ষেত্রেও তা টাইপ করে CD সহ e-mail -এ পাঠাবেন। অন্যত্র প্রকাশিত লেখা দেবেন না। লেখা পাঠাবার শেষ তারিখ ৫ নভেম্বর, ২০১৬।

ভালো থাকুন। সুস্থ থাকুন। সম্মেলনে দেখা হওয়ার প্রত্যাশায় রইলাম।

শ্রদ্ধা অভিনন্দন সহ,

প্রতিনাথ প্রহরাজ
(প্রতিনাথ প্রহরাজ)
সাধারণ সম্পাদক


West Bengal College and University Teachers' Association
89, Mahatma Gandhi Road, Kolkata – 700 007
Phone No. 2241-2060, 2219-8930

For favour of Circulation among Members

ANNUAL GENERAL MEETING

The 90th Annual General Meeting of the Association will be held on Sunday, the 20th November, 2016 at 9 a.m. at Ramkrishna Mission Institute of Culture, Vivekananda Hall, Golpark, Kolkata. All members are requested to be present.

19-09-2016


(Srutinath Praharaj)
General Secretary
WBCUTA

AGENDA

1. To confirm the proceedings of the last Annual General Meeting.
2. To consider the Annual Report with audited accounts and to pass resolution thereon.
3. To fill up vacancies in the list of ordinary members of the General Committee.
4. To elect the President, two Vice-Presidents and the Hony. Treasurer, and to elect the General Secretary on the recommendation of the Executive Committee, to announce the results of election of representatives of the General Committee on the Executive Committee.
5. To elect the Hony. Auditor.
6. To consider, formulate and lay down a general policy relating to any matter concerning the aims, administration, finances, and development of the Association, either on its own initiative or on a reference from the General Committee and/or Executive Committee.
7. To consider any bye-laws framed by the Executive Committee or action taken by the Executive Committee according to Rule XIII(vii).
8. To consider proposal for change of Rules, if any.
9. Any other matter that may be brought up by the Executive Committee.